

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 12-12-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**CM meeting - Tour operator:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে গতকাল গীতাঞ্জলি ট্যুরিজম গেস্ট হাউজ পরিসরে, দেশের বিভিন্ন রাজ্য থেকে "ইউনিটি প্রমো ফেস্ট - ২০২৫" এ যোগ দিতে আসা ট্যুর অপারেটরদের নিয়ে বিজনেস-টু-বিজনেস (B2B) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী স্মশান্ত চৌধুরী, দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা, অধিকর্তা প্রশান্ত বাদল নেগী প্রমুখ। পর্যটন-কে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে ট্যুর এবং ট্রাভেল অপারেটরদের ভূমিকা তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, এক্ষেত্রে কর্মসংস্থান এবং বিনিয়োগের জন্য প্রচুর সম্ভাবনা রয়েছে। তিনি বলেন, ট্যুর অপারেটরদের মাধ্যমে, সবাই রাজ্যের পর্যটন সম্ভাবনা সম্পর্কে জানতে পারবে। তিনি আরও বলেন, ত্রিপুরায় যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে এবং সেকারণে পর্যটকদের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। পর্যটন মন্ত্রী বলেন, রাজ্যের পর্যটনকে দেশ বিদেশের পর্যটকদের সামনে তুলে ধরতে এই বৈঠক কার্যকরী ভূমিকা নেবে।

এদিকে, আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে আজ সন্ধ্যায় "ইউনিটি প্রমো ফেস্ট - ২০২৫" এর সমাপ্তি অনুষ্ঠানে, প্রখ্যাত শিল্পী জুবিন নটিয়াল- সহ অন্যান্যরা সঙ্গীত পরিবেশন করবেন।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ইম্ফলের নুপি লাল স্মৃতিসৌধে যাবেন এবং সেখানে নুপি লাল দিবস উদযাপন অনুষ্ঠানে ঔপনিবেশিক ব্রিটিশদের বিরুদ্ধে লড়াই করা মণিপুরের সাহসী নারীদের উদ্দেশ্যে পুষ্পস্তবক অর্পণ করবেন। তারপর তিনি সেনাপতি যাবেন ও সেখানে জনসভায় ভাষণ দেবেন এবং কয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন।

উল্লেখ্য, রাষ্ট্রপতি গতকাল বিকেলে দুই দিনের মণিপুরে সফরে ইম্ফলে গিয়ে পৌঁছান। সন্ধ্যায় ইম্ফলের সিটি কনভেনশন সেন্টারে আয়োজিত নাগরিক সংবর্ধনা অনুষ্ঠান থেকে শ্রীমতি মুর্মু, এক হাজার তিনশো সাতাশি কোটি টাকার বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করেন।

\*\*\*\*\*

### **Nipun Fest-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিশুদের প্রতিভা এবং সৃজনশীলতার বিকাশে নিপুন ত্রিপুরার বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বুনিয়াদি শিক্ষা দপ্তর ও জেলা শিক্ষা কার্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত নিপুন ফেস্ট ২০২৫-এর উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, নিপুন ত্রিপুরার সাফল্যে শিক্ষকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন এবং তারাই এই লক্ষ্য পূরণের মূল চালিকা শক্তি। নিপুন ত্রিপুরা কর্মসূচি রাজ্যের শেষ প্রান্তের বিদ্যালয়গুলিতেও পৌঁছে দিতে তিনি পরামর্শ দেন।

\*\*\*\*\*

### **Airport Director :**

আগরতলা বিমানবন্দরের অধিকর্তা কৃষান মোহন নেহেরা সম্প্রতি এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, আগরতলা থেকে বিভিন্ন রুটে ইন্ডিগোর

উড়ান পরিষেবা স্বাভাবিক হয়ে আসছে। তাছাড়া এই বিমানবন্দর থেকে অন্যান্য এয়ারলাইন্সের উড়ান পরিষেবা সম্পূর্ণ স্বাভাবিক রয়েছে। তিনি জানান, যাত্রীদের স্বাস্থ্য বজায় রাখতে আগরতলায় এয়ারপোর্ট অথরিটি সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে সমন্বয় সাধন রেখে কাজ করছে।

\*\*\*\*\*

## **CM- IADVL:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে এবং সাধারণ মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে সরকার সব সময় আন্তরিক। গতকাল হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের অডিটোরিয়ামে ইস্ট জোনাল কনফারেন্স ও নর্থ ইস্ট স্টেট ব্রাঞ্চার ৩৬ তম আইএ.ডি.ভি.এল.-এর বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার স্বাস্থ্য পরিষেবার উন্নতির স্বার্থে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়ন, মেডিকেল কলেজ স্থাপন, সুপার স্পেশালিটি পরিষেবা চালু, টেলি মেডিসিন ও ডিজিটাল হেলথ পরিষেবা চালু সহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন এন.ই.আই.এ.ডি.ভি.এল.-এর সভাপতি ডা. সামন্ত বড়ুয়া, ডা. গোতম মজুমদার, ডা. রাজীব শর্মা প্রমুখ।

\*\*\*\*\*

## **Milan Mela Chandrapur:**

দক্ষিণ জেলার রাজনগরের ডিমাতলিতে তিনদিনের চন্দ্রপুর পর্যটন ও মিলন মেলা আজ শেষ হচ্ছে। মেলায় ১৭ টি সরকারী দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী মন্ডপ খোলা হয়েছে। প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হচ্ছে। উল্লেখ্য,

গত বুধবার শিল্প ও বানিজ্য মন্ত্রী স্বান্তনা চাকমা এই মেলার উদ্বোধন করেছিলেন।

\*\*\*\*\*

### **Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, বিজ্ঞানসন্মত উপায়ে আগরতলা শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে প্রয়াস নেওয়া হয়েছে। গতকাল আগরতলা সিটি সেন্টারে পুর নিগমের দপ্তরের সামনে আবর্জনা পরিষ্কারের ১৯টি নতুন গাড়ির উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। পুর নিগমের কমিশনার ও কর্পোরেটরগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Nesha Mukta Football Tournament:**

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল থেকে বিলোনিয়ার বি.কে.আই মাঠে দক্ষিণ জেলা নেশা মুক্ত ফুটবল টুর্নামেন্ট শুরু হয়েছে। উদ্বোধনী ম্যাচে বিলোনিয়া পুর পরিষদ ২-০ গোলে ভারতচন্দ্র নগর ক্লাবকে হারিয়ে দেয়। প্রতিযোগিতার উদ্বোধন করে ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিংকু রায় বলেন, নেশামুক্ত সমাজ গঠনে শিক্ষা, সংস্কৃতি ও খেলাধুলার বিশেষ গুরুত্ব রয়েছে। রাজ্য সরকার এই তিনটি বিষয়কে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুরাচরন নোয়াতিয়া, বিধায়ক দীপংকর সেন ও প্রমোদ রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি

থাকতে পারে। আগরতলা বিমানবন্দরে আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল  
১২.৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*